



**ঃ কারণ দর্শাও বিজ্ঞপ্তি ঃ**

অত্র বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের কর্তব্যরত হল প্রত্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরিত ও প্রধান হল প্রত্যবেক্ষক এবং সংশ্লিষ্ট অনুষদের ডীন এর সুপারিশকৃত অভিযোগের পরিপ্রেক্ষিতে জানা যায় যে, সাবরিন সুফিয়ান আশিক স্টুডেন্ট নং-১৭০২০৯৭ ইইই বিভাগ ১৮/১০/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত লেভেল-৩, টার্ম-০১ পরীক্ষা ২০২০ এর EEE-357 (Microwave and Antenna Engineering) পরীক্ষায় অংশগ্রহণ করার সময়ে কর্তব্যরত প্রত্যবেক্ষক অনলাইনে পরীক্ষা চলাকালীন সময়ে তুমি যে Script - এ পরীক্ষা দিয়েছ তার সাথে আপলোডের স্ক্রিনশট এর ভিন্নতা পাওয়া গিয়েছে। আপলোডকৃত দুই সেকশনের টপশীট এবং হাতের লেখা সম্পূর্ণ ভিন্ন। কর্তব্যরত প্রত্যবেক্ষকগণ আপলোডে Script এবং ধারনকৃত ভিডিও-তে তোমার লেখা পর্যবেক্ষন করে তোমাকে জিজ্ঞাসা করলে তুমি Script পরিবর্তন করার কথা স্বীকার কর। তোমার সংশ্লিষ্ট বিষয়ের অরিজিনাল Script. যা তুমি লিখেছ, সেটি মেইলে পাঠানোর জন্য তোমাকে বললে তুমি যে Script পাঠিয়েছ তাতে অরিজিনাল আপলোডের স্ক্রিনশট থেকে ভিন্নতা পরিলক্ষিত হয়। প্রত্যবেক্ষকগণ চ্যালেঞ্জ করার পরে তোমাকে অরিজিনাল স্ক্রিনশট যা তুমি পরীক্ষার সময় তোমাকে ই-মেইলে প্রেরণ করতে বলা হলে তুমি তা প্রেরণ কর। প্রেরণকৃত Section-B তে Last Page যেটি পাঠিয়েছ সেটি আপলোডকৃত Section-B এর Script এ নাই। তোমার (সাবরিন সুফিয়ান আশিক স্টুডেন্ট নং-১৭০২০৯৭) এহেন আচরণ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা শৃঙ্খলা বিধি অনুযায়ী একটি শাস্তিযোগ্য অপরাধ।

তোমার উপরোক্ত কার্যকলাপ এর বিষয়ে কর্তব্যরত প্রত্যবেক্ষক এর লিখিত অভিযোগ, প্রধান হল প্রত্যবেক্ষক ও সংশ্লিষ্ট অনুষদের ডীন এর সুপারিশ, জন্মকৃত আলামত এবং এতদসংক্রান্ত বিষয়ে ১৮/১০/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত স্টুডেন্টস ডিসিপ্লিন কমিটির ২২৫তম (জরুরী) সভার সিদ্ধান্ত অনুযায়ী তোমার ১৮/১০/২০২১ইং তারিখে অনুষ্ঠিত লেভেল-৩, টার্ম-০১ পরীক্ষা ২০২০ EEE-357 (Microwave and Antenna Engineering) সহ অংশগ্রহণকৃত (লেভেল-১, টার্ম-০১, লেভেল-২, টার্ম-১, এবং লেভেল-৩, টার্ম-১ (যদি থাকে)) সকল তৃতীয় বিষয়ের লিখিত পরীক্ষা বাতিল করা হল এবং উল্লেখিত লেভেল সমূহের অন্যান্য বিষয়ের পরীক্ষাসমূহে (যদি থাকে) তোমার অংশগ্রহণের উপর নিষেধাজ্ঞা প্রদান করা হল। এর অতিরিক্ত পরীক্ষা সংক্রান্ত শৃঙ্খলা বিধি অনুযায়ী কেন তোমার বিরুদ্ধে আরও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবেনা এ মর্মে "কারণ দর্শাও" বিজ্ঞপ্তির স্বহস্তে লিখিত জবাব আগামী ০১/১১/২০২১ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে স্ব-শরীরে হাজির হয়ে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হল।

তুমি ইচ্ছা করলে আগামী ০২/১১/২০২১ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় স্টুডেন্টস ডিসিপ্লিন কমিটির সভায় উপস্থিত হয়ে তোমার স্বপক্ষে ব্যক্তিগত সুনানী প্রদান করতে পারবে। এক্ষেত্রে ব্যক্তিগত সুনানীর জন্য লিখিত আবেদন নিম্নস্বাক্ষরকারীর অফিসে আগামী ০১/১১/২০২১ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।

  
১৪.১০.২০২১

সদস্য-সচিব

স্টুডেন্টস ডিসিপ্লিন কমিটি ও  
পরিচালক (ছাত্রকল্যাণ)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।  
তারিখ ঃ ১৮/১০/২০২১ খ্রিঃ।

স্মারক নং-চুয়েট/ছাক/৩৯২(১২)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হল ঃ

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক আইআইসিটি চুয়েট। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে।
- ৪। রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। ডেপুটি রেজিস্ট্রার (আইন/এস্টেট, একাডেমিক ও নিরাপত্তা), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। উপাচার্য মহোদয়ের ব্যক্তিগত সচিব, অত্র বিশ্ববিদ্যালয়। উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৯। সাবরিন সুফিয়ান আশিক স্টুডেন্ট নং-১৭০২০৯৭, ইইই বিভাগ, চুয়েট। (অফিসিয়াল ই-মেইল মারফত <u1702097@student.cuet.ac.bd)
- ১০। অভিভাবক ঃ পিতা ঃ মোঃ আজিজুর রহমান, গ্রামঃ বসন্তের পাড়া, পোঃ- জুমার বাড়ি, থানাঃ- সাঘাটা, জেলাঃ- গাইবান্ধা।
- ১১। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১২। সংরক্ষণ নথি।

সদস্য-সচিব

স্টুডেন্টস ডিসিপ্লিন কমিটি ও  
পরিচালক (ছাত্রকল্যাণ)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।